যুগান্তর

তারিখ 26 AUG 2015

পৃষ্ঠা ... কলাম ...

# সারা দেশে আন্তঃস্কুল গ্রীষ্মকালীন ক্রীড়া

স্পোর্টস ডেস্ক

সারা দেশে আন্তঃস্কুল ও মাদ্রাসা গ্রীষ্মকালীন ক্রীড়ার আসর বসেছে। যুগান্তর প্রতিনিধিদের পাঠানো খবর—

**ফুলপুর :** ফুলপুরে আন্তঃস্কুল ও মাদ্রাসা গ্রীষ্মকালীন ক্রীড়া প্রতিযোগিতার ফুটবল ফাইনালে বওলা উচ্চবিদ্যালয় পয়ারী গোকুলচন্দ্র উচ্চবিদ্যালয়কে ২-১ গোলে হারিয়ে উপজেলা পর্যায়ে চ্যাম্পিয়ন হয়।

**চাটখিল :** মঙ্গলবার চাটখিলে আন্তঃস্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতার ফুটবল ফাইনালে জীবনগর উচ্চবিদ্যালয় দল টাইব্রেকারে সোনপাড়া উচ্চবিদ্যালয়কে ৩-২ গোলে হারিয়ে চ্যাম্পিয়ন হয়। প্রধান অতিথির বক্তব্য দেন উপজেলা চেয়ারম্যান জাহাঙ্গীর কবির।

**নাজিরপুর :** পিরোজপুরের নাজিরপুর উপজেলা গ্রীষ্মকালীন আন্তঃস্কুল-মাদ্রাসা খেলাধুলা অনুষ্ঠিত হয়েছে। মঙ্গলবার ছেলেদের ফুটবলে শেখমাটিয়া মাধ্যমিক বিদ্যালয়, সাঁতারে পঞ্চগ্রাম সম্মিলনী মাধ্যমিক বিদ্যালয় ও ফুটবল বালিকায় নাজিরপুর বালিকা মাধ্যমিক বিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে।

**অভয়নগর :** অভয়নগরে গ্রীষ্মকালীন আন্তঃস্কুল ও মাদ্রাসা ক্রীড়া প্রতিযোগিতায় মঙ্গলবার সাঁতারে নশিয়াহাটি বহুমুখী উচ্চবিদ্যালয় চ্যাম্পিয়ন হয়েছে। ছোট গ্রুপের বুক সাঁতারে নশিয়াহাটি বহুমুখী উচ্চবিদ্যালয়ের বিল্টু বিশ্বাস, চিৎ সাঁতারে অভিষেক বিশ্বাস এবং প্রজাপতি সাঁতারে অভিষেক বিশ্বাস প্রথম হয়। বড় গ্রুপে মুক্ত সাঁতারে অভিজিত বিশ্বাস, বুক সাঁতারে বিশ্বজিৎ রায় প্রথম হয়। রিলে সাঁতারে গাজীপুর রউফিয়া মাদ্রাসা প্রথম স্থান অধিকার করে।

**ফুলবাড়িয়া :** ফুলবাড়িয়া পাইলট উচ্চবিদ্যালয় মাঠে জাতীয় স্কুল ও মাদ্রাসা গ্রীষ্মকালীন হ্যান্ডবল, কাবাডি, সাঁতার ও ফুটবল অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে উপজেলা চেয়ারম্যান অ্যাডভোকেট আজিজুর রহমানের সভাপতিত্বে প্রধান অতিথির বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য আলহাজ মোসলেম উদ্দিন অ্যাডভোকেট, ইউএনও বানানী বিশ্বাস, মেয়র গোলাম কিবরিয়া, মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নাসরিন আক্তার।

**সখীপুর :** টাঙ্গাইলের সখীপুরে আন্তঃস্কুল ও মাদ্রাসা ফুটবল ফাইনাল অনুষ্ঠিত হয়েছে মঙ্গলবার। খেলায় সখীপুর সূর্যতরুণ শিক্ষাঙ্গন স্কুল ও কলেজকে ২-০ গোলে হারায় সখীপুর পিএম পাইলট মডেল স্কুল ও কলেজ। স্থানীয় সংসদ সদস্য অনুপম শাহজাহান জয় প্রধান অতিথি হিসেবে পুরস্কার বিতরণ করেন।